# The Coca-Cola Company মানবাধিকার নীতি

শ্রদ্ধা
যোগাযোগ
অধিকার
আস্থা
মর্যাদা
জনসমাজ

## মানবাধিকারের প্রতি শ্রদ্ধা

মানবাধিকারের প্রতি শ্রদ্ধা The Coca-Cola Company (দ্য কোকা-কোলা কোম্পানি)-এর একটি মৌলিক মূল্যবোধ। আমাদের কর্মচারী, সরবরাহকারী এবং অনধীন বটলারদের (যে সকল কোম্পানি বোতলে পানীয় ভরে) সাথে আমাদের সম্পর্কের ক্ষেত্রে আমরা ব্যবসা ও মানবাধিকার সংক্রান্ত UN নির্দেশক মূলনীতিসমূহ (UN Guiding Principles on Business and Human Rights) অনুসারে মানবাধিকারগুলিকে শ্রদ্ধা করার ও এগুলি প্রচার করার প্রচেষ্টা চালাই। আমাদের লক্ষ্য হল আমরা যে জনসমাজগুলিতে কাজ করি যেগুলির অভ্যন্তরে মানবাধিকারগুলির উপভোগ বাড়ানোর জন্য সাহায্য করা।

এই নীতিকে আন্তর্জাতিক মানবাধিকারের মূলনীতিগুলি নির্দেশদান করে যেটি মানবাধিকারের বিশ্বজনীন ঘোষণা (Universal Declaration of Human Rights), সাথে মৌলিক মূলনীতিসমূহ ও কর্মস্থলের অধিকারসমূহ সংক্রান্ত আন্তর্জাতিক অধিকারের বিল (International Bill of Rights) এবং আন্তর্জাতিক শ্রম সংস্থার 1998 ঘোষণার (International Labor Organization's 1998 Declaration) অন্তর্গত মূলনীতিগুলি দ্বারা পরিবেষ্টিত।

এই নীতিটি The Coca-Cola Company , আমাদের মালিকানাধীন সত্তাগুলি, আমাদের প্রধান স্বার্থগুলি জড়িত আছে এমন সত্তাগুলি এবং আমরা যেটির ব্যবস্থাপনাগুলি পরিচালনা করি, সেগুলির ক্ষেত্রে প্রযোজ্য। কোম্পানিটি এটিও আশা করে যে অনধীন বটলার ও সরবরাহকারীরা এইসকল মূলনীতিগুলির পক্ষাবলম্বন করবেন এবং তাদের নিজ ব্যবসাগুলিতে অনুরূপ নীতিগুলি গ্রহণ করতে তাদের প্ররোচিত করে।

আমাদের ব্যবসায় ও ভ্যালু চেইন-এ (যে প্রক্রিয়া বা কাজকর্মের দ্বারা সামগ্রীতে মূল্য যোগ করা হয়) ব্যক্তিদের মানবাধিকার সংক্রান্ত ঝুঁকিগুলি সনাক্ত ও প্রতিরোধ করার একটি উপায় হিসাবে আমরা একটি প্রত্যাশিত মনোযোগের (due diligence) সাহায্য নিই। আমাদের ব্যবসায়িক কাজকর্ম থেকে বা দ্বারা সৃষ্ট মানবাধিকার সংক্রান্ত বিরূপ প্রভাবগুলিকে যেখানে আমরা সনাক্ত করেছি, সেখানে সেগুলির ন্যায্য ও যথার্থ প্রতিবিধান প্রদান করা বা এতে সহযোগিতা করার জন্য আমরা অঙ্গীকারবদ্ধ। তৃতীয় পক্ষগুলির সাথে আমাদের সম্পর্কের মাধ্যমে আমরা যে সকল বিরূপ প্রভাবের সাথে যুক্ত বা জড়িত আছি আমরা সেগুলির প্রতিবিধান পাওয়ার সাধ্যতা বৃদ্ধি করতে চাই।

The Coca-Cola Company'র চীফ এক্সিকিউটিভ অফিসার সহ বোর্ড অফ ডাইরেক্টররা মানবাধিকার নীতিটির (Human Rights Policy) তত্ত্বাবধান করেন।

## জনসমাজ ও স্টেকহোল্ডারদের অংশগ্রহণ

আমরা উপলব্ধি করি যে, যে জনসমাজে আমরা কাজ করি আমরা সেগুলির অংশ। আমরা সেইসকল মানবাধিকার সংক্রান্ত বিষয়গুলিতে জনসমাজগুলির সাথে যুক্ত হই যেগুলি তাদের কাছে গুরুত্বপূর্ণ, যেমন জমির অধিকার, জল ও স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার। আমরা সেইসকল জনসমাজের মানুষদের সাথেও যুক্ত হই, যার অন্তর্ভুক্ত হলেন দেশজ মানুষ একই সাথে অন্যান্য দুর্বল ও অনগ্রসর গোষ্ঠী। আমরা কথোপকথনের মাধ্যমে সুনিশ্চিত করার লক্ষ্য নিই যে আমরা আমাদের ব্যবসা করার সাথে সাথে তাদের মতামতগুলিও শুনছি, তা থেকে জানছি এবং সেগুলি বিবেচনা করছি। আমরা বিশ্বাস করি যে স্থানীয় সমস্যাগুলিকে স্থানীয় পর্যায়ে সবচেয়ে যথাযথভাবে সমাধান করা যায়।

যেখানে যথাযথ, আমাদের ব্যবসার সাথে সম্পর্কিত মানবাধিকার সংক্রান্ত বিষয়গুলিতে আমরা বিস্তৃত নাগরিক সমাজ ও স্টেকহোল্ডারদের যুক্ত হই। আমাদের কোম্পানির, ভ্যালু চেইন জুড়ে থাকা এবং আমাদের বিবিধ স্পনসরশিপ সংক্রান্ত সেইসকল বিষয়গুলির এর অন্তর্ভুক্ত, যার মাধ্যমে আমরা মানবাধিকারের প্রতি শ্রদ্ধা বাড়াতে চাই।



The Coca-Cola Company

শ্রদ্ধা
যোগাযোগ
অধিকার
আস্থা
মর্যাদা
জনসমাজ

# The Coca-Cola Company মানবাধিকার নীতি (ক্রমশ)

## বৈচিত্র্য ও অন্তর্ভুক্তি

আমরা যে সকল ব্যক্তির সাথে কাজ করি তাদের বৈচিত্র্য ও অন্তর্ভুক্তিকে আমরা মূল্য দিই এবং এগিয়ে নিয়ে যাই। আমরা সমান সুযোগের প্রতি অঙ্গীকারবদ্ধ এবং বৈষম্য ও হয়রানির প্রতি অসহিষ্ণু। আমরা এমন কর্মস্থলগুলি বজায় রাখতে চাই যা জাতি, লিঙ্গ, বর্ণ, জাতীয় বা সামাজিক উৎস, জাতিভুক্ততা, ধর্ম, বয়স, অক্ষমতা, যৌন প্রবণতা, লিঙ্গ পরিচিতি বা অভিব্যক্তি, রাজনৈতিক মতামত বা প্রযোজ্য আইনের দ্বারা সুরক্ষিত অন্যান্য যে কোনো অবস্থার উপর ভিত্তি করে করা বৈষম্য বা হয়রানি থেকে মুক্ত। কোম্পানিতে কর্মনিয়োগ, ভাড়া করা, স্থান প্রদান, উন্নয়ন, প্রশিক্ষণ, পারিশ্রমিক এবং পদোন্নতির ভিত্তি হল যোগ্যতা, কর্মসম্পাদন, দক্ষতা ও অভিজ্ঞতা।

আমরা অশ্রদ্ধাপূর্ণ বা অযথাযথ আচরণ, যে কোনো প্রকার অন্যায্য ব্যবহার বা প্রতিশোধ সহ্য করি না। কর্মস্থলে এবং কর্মস্থলের বাইরে যে কোনো কাজ-সম্পর্কিত পরিস্থিতিতে হয়রানি সহ্য করা হয় না।

## সমিতি গঠনের এবং সম্মিলিত দরকষাকষির স্বাধীনতা

আমরা, আমাদের কর্মচারীদের, প্রতিশোধ, হুমকি বা হয়রানির ভীতিবিহীনভাবে, একটি শ্রমিক ইউনিয়নে যোগ দেওয়ার, সংগঠিত হওয়ার বা যোগ না দেওয়ার অধিকারকে সম্মান করি। যেখানে কর্মচারীদের একটি আইনসম্মতভাবে স্বীকৃত ইউনিয়নের মাধ্যমে উপস্থাপন করা হয়, সেখানে তাদের স্বাধীনভাবে বাছাই করা প্রতিনিধিদের সাথে একটি গঠনমূলক কথোপকথন চালাতে আমরা অঙ্গীকারবদ্ধ। কোম্পানিটি সরল বিশ্বাসে এই ধরনের প্রতিনিধিদের সাথে দরকষাকষি চালাতে অঙ্গীকারবদ্ধ।

## নিরাপদ ও স্বাস্থ্যকর কর্মস্থল

আমাদের কর্মচারীদের নিরাপত্তা ও স্বাস্থ্য সবচেয়ে গুরুত্বপূর্ণ। আমাদের নীতি হল একটি নিরাপদ ও সুস্থ কর্মস্থল প্রদান করা এবং নিরাপত্তা ও স্বাস্থ্য সংক্রান্ত প্রযোজ্য আইন ও বিধিগুলি, একই সাথে অভ্যন্তরীণ আবশ্যকতাগুলি মেনে চলা। আমরা আমাদের কর্মচারীদের সাথে পরামর্শ করে, দুর্ঘটনা, আঘাত ও স্বাস্থ্যের প্রভাবগুলির সনাক্তকৃত ঝুঁকিগুলিকে মোকাবিলা করা ও সেগুলির প্রতিবিধান করার মাধ্যমে একটি নিরাপদ, সুস্থ এবং ফলপ্রসু কর্মস্থল প্রদান করা ও বজায় রাখার জন্য কাজ করি।

## কর্মস্থলভিত্তিক সুরক্ষা

আমরা এমন একটি কর্মস্থল বজায় রাখার প্রতি অঙ্গীকারবদ্ধ যেটি অভ্যন্তরীণ ও বহিঃস্থ হুমকির কারণে হিংস্রতা, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং অন্যান্য অনিরাপদ বা সংহতিনাশক পরিস্থিতিগুলি থেকে মুক্ত। প্রয়োজন অনুসারে, কর্মচারীদের সুরক্ষামূলক প্রহরা দেওয়া হয়, এবং কর্মচারীদের গোপনীয়তা ও মর্যাদার প্রতি শ্রদ্ধা সহকারে তা বজায় রাখা হয়।

## বলপূর্বক শ্রম ও মানব পাচার

কারাশ্রম, শর্তাবদ্ধ শ্রম, চুক্তিভুক্ত শ্রম, সৈনিক শ্রম, দাসত্বের আধুনিক প্রকারগুলি ও মানব পাচারের যে কোনো প্রকার সহ সকল প্রকারের বলপূর্বক শ্রমের ব্যবহার আমরা নিষিদ্ধ করি।

## শিশু শ্রম

যে সকল পদে বিপদজনক কাজের প্রয়োজন হয় সেগুলির জন্য আমরা 18 বছরের চেয়ে কম বয়সী ব্যক্তিদের নিয়োগ করা নিষিদ্ধ করি।



The Coca-Cola Company

# The Coca-Cola Company মানবাধিকার নীতি (ক্রমশ)

## কাজের ঘন্টা, পারিশ্রমিক ও সুবিধা

আমরা শিল্পক্ষেত্র ও স্থানীয় শ্রম বাজারের সাপেক্ষে প্রতিযোগিতামূলকভাবে এবং সম্মিলিত দর কষাকষির চুক্তিগুলির প্রযোজ্য শর্তগুলি অনুসারে কর্মচারীদের পারিশ্রমিক দিই। আমরা প্রযোজ্য পারিশ্রমিক, কাজের ঘন্টা, ওভারটাইম এবং সুবিধাদান সংক্রান্ত আইনগুলির সাথে সম্পূর্ণ মান্যতা সুনিশ্চিত করার জন্য কাজ করি।

## জমির অধিকার ও জল সম্পদ

আমাদের ভ্যালু চেইন জুড়ে যে জমির ব্যবহার এবং জলের ব্যবহার হতে পারে এই ব্যাপারে মানবাধিকারগুলিকে শ্রদ্ধা করার গুরুত্বপূর্ণ তাৎপর্য আমরা উপলব্ধি করি, যেটিকে আমরা সুনির্দিষ্ট নীতি ও কাজের মাধ্যমে মোকাবিলা করি।

আমরা বিশেষভাবে খামার থেকে সরাসরি উপকরণগুলি না কিনলেও, কয়েকটি কৃষিজ পণ্যের প্রধান ক্রেতা হিসাবে আমাদের মূল্যবোধগুলির উপর ভিত্তি করে, স্থানীয় চাষী ও জনসমাজের জমির অধিকার সুরক্ষিত রাখতে সাহায্য করার জন্য পদক্ষেপ নিতে এবং আমাদের প্রভাব কাজে লাগাতে আমরা বাধ্য।

জল সরবরাহ, নিরাপদ পানীয় জল, এবং উপযুক্ত স্বাস্থ্যব্যবস্থার মাধ্যমে বাস্তুতন্ত্র (প্রাকৃতিক ভারসাম্য) ও জনসমাজ উভয়েরই সুরক্ষার স্থায়িত্বের প্রতি মানুষের চাহিদাকে আমরা সম্মান করি। আমাদের জল সংক্রান্ত ন্যস্ত দায়িত্বপালন কর্মসূচির মাধ্যমে, আমরা জলের প্রতি একটি অধিকার-ভিত্তিক পদক্ষেপ গ্রহণ করি যেটি স্থানীয় জল সংক্রান্ত ঝুঁকির মূল্যায়ন, সরকার, জনসমাজ এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে পরামর্শ ও সহযোগিতার মাধ্যমে ঝুঁকির তীব্রতা হ্রাস করে যাতে যেখানে ও যখন প্রয়োজন, জলের সমস্যার সমাধান গড়ে তোলা যায়, এবং আমাদের ব্যবস্থাপনাগুলিতে উৎস জলের সুরক্ষা পরিকল্পনাটিরও বাস্তবায়ন করা যায়।

## স্বাস্থ্যকর জীবনধারা

আমরা পুষ্টি সংক্রান্ত স্বচ্ছ তথ্য এবং পানীয়ের বিকল্প সম্ভার প্রদান করার প্রতি অঙ্গীকারবদ্ধ যাতে একটি স্বাস্থ্যকর জীবনধারার সাথে সঙ্গতিপূর্ণ অবহিত সম্মতি গ্রহণ করতে উপভোক্তাদের সমর্থ করা যায়।

## কর্মচারীদের জন্য নির্দেশনা ও রিপোর্ট করা

আমরা এমন একটি কর্মস্থল সৃষ্টি করার প্রচেষ্টা করি যেখানে সকল কর্মচারীদের মধ্যে মুক্ত ও আন্তরিক যোগাযোগগুলিকে মূল্য দেওয়া ও শ্রদ্ধা করা হয়। আমরা যেখানে কাজ করি সেখানে কোম্পানিটি প্রযোজ্য শ্রম ও কর্মনিয়োগ আইনগুলি মেনে চলার প্রতি অঙ্গীকারবদ্ধ। কোম্পানিটি এও সুনিশ্চিত করে যেন কর্মচারীরা প্রশিক্ষণ ও একটি বাৎসরিক শংসাপত্রদান প্রক্রিয়ার মাধ্যমে মানাবাধিকার নীতি সম্পর্কে অবগত থাকেন।

কোনো কর্মচারী যিনি বিশ্বাস করেন যে নীতিটি ও আইনের ভাষা, তিনি যে জায়গায় কাজ করেন সেখানের রীতি ও কার্যাভ্যাসের মধ্যে একটি দ্বন্দ্ব দেখা দেয়, বা যার এই নীতিটি সম্পর্কে প্রশ্ন আছে বা যিনি এই নীতিটির একটি সম্ভাব্য লঙ্ঘন সম্পর্কে গোপনভাবে রিপোর্ট করতে চান, তার উচিত স্থানীয় পরিচালকবর্গ, মানব সম্পদ (Human Resources), আইন বিভাগ (Legal Department) বা কৌশলগত সুরক্ষার (Strategic Security) কাছে ওইসকল প্রশ্ন ও সমস্যাগুলি উত্থাপন করা। কর্মচারীরা www.KOethics.com এ EthicsLine সুরক্ষিত ইন্টারনেট ওয়েবসাইটের মাধ্যমে বা তাদের অবস্থানের জন্য যথাযথ www.KOethics.com ওয়েবসাইটটিতে প্রাপ্ত নিঃশুল্ক নম্বরে ফোন করার মাধ্যমে নীতির সন্দিগ্ধ লঙ্ঘন সম্পর্কেও রিপোর্ট করতে পারেন।



The Coca-Cola Company

শ্রদ্ধা
যোগাযোগ
অধিকার
আস্থা
মর্যাদা
জনসমাজ

# The Coca-Cola Company মানবাধিকার নীতি (ক্রমশ)

এই নীতিটির অধীনে সমস্যা জানানোর জন্য কোনো কর্মচারীর বিরুদ্ধে প্রতিহিংসা বা প্রতিশোধমূলক পদক্ষেপ নেওয়া হবে না। কোম্পানিটি কর্মচারীদের সমস্যাগুলির তদন্ত, মোকাবিলা করবে এবং সাড়া দেবে এবং যে কোনো লঙ্ঘনের সাড়া দিতে যথাযথ সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণ করবে।

মানবাধিকার নীতিটি কোম্পানির ব্যবসায়িক আচরণ বিধির সাথে সঙ্গতিপূর্ণ। অনুবাদ ও সম্পর্কিত তথ্য সহ, এই নীতিটি কোম্পানির ইন্টারনেট সাইট: http://www.coca-colacompany.com/ এর মাধ্যমে পাওয়া যেতে পারে।

ইউরোপিয়ান ইউনিয়নে ব্যক্তিবিশেষের জন্য: অনুগ্রহ করে মনে রাখবেন যে, EU আইনের কারণে, EthicsLine ফোন বা ওয়েব পরিষেবাগুলি শুধুমাত্র অর্থনৈতিক, হিসাবরক্ষণ এবং নিরীক্ষা সংক্রান্ত বিষয়গুলির জন্য অনুমোদিত। মানব এবং কর্মস্থলের অধিকার সংক্রান্ত নীতির অধীন বিষয়গুলির সম্পর্কে জানানোর জন্য, আপনার স্থানীয় পরিচালকবর্গ, মানব সম্পদ এবং আপনার ওম্বুজপার্সন বা আইন বিভাগের সাথে যোগাযোগ করুন।

## জনঅবিহতকরণ

আমাদের মানবাধিকার সংক্রান্ত রিপোর্ট এবং স্থায়িত্ব সংক্রান্ত বাৎসরিক রিপোর্টের অংশ হিসাবে, মানবাধিকার নীতির সাথে সঙ্গতিপূর্ণভাবে আমাদের মানবাধিকার-সম্পর্কিত অঙ্গীকার, প্রচেষ্টা ও বিবৃতিগুলি সম্পর্কে আমরা জনগণকে অবহিত করি। এই রিপোর্ট জ্ঞাপনে UN নির্দেশক মূলনীতিগুলির রিপোর্ট করার কাঠামোর (UN Guiding Principles Reporting Framework) উল্লেখ করা হয়।

*কোম্পানিটি যে কোনো সময়ে এই নীতিটি সংশোধন করার অধিকার সংরক্ষিত রাখে। এই নীতিটি এমন কিছু বলে না বা এটির এমন কোনো নিহিতার্থ নেই যে কোম্পানিটির এবং এটির কর্মচারীদের মধ্যে একটি চুক্তি আছে বা এই কর্মসূচিতে অংশগ্রহণ করলে The Coca Cola Company এর সাথে চাকরি বজায় রাখার একটি নিশ্চয়তা আছে।*


The Coca-Cola Company